দুধ কলা খেয়ে বড় হয়ে এখন কাল সাপের মত আচরণ -জয়ন্ত কুমার কুন্ডু

স্বাধীনতার পর একটি দল আমাদের সঙ্গে থেকে দুধ কলা খেয়ে বড় হয়ে এখন কাল সাপের মত আচরণ করছেন। গতকাল রবিবার বিকেলে কোটচাঁদপুর হাইস্কুল মাঠে ঝিনাইদহ-৩ আসনের নির্বাচনী জনসভায় এ কথা বলেন অনুষ্ঠানের প্রধান অতিথি বিএনপি’র খুলনা বিভাগের সহ-সাংগাঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু।

তিনি বলেন, ওই দলটি কখনও আমাদের সঙ্গে কখনও পতিত আওয়ামীলীগের সঙ্গে কখনও জলে জঙ্গলে থেকে গুপ্ত রাজনীতি করেছেন। এখন তারা কথায় কথায় বলেন, বিএনপি চাঁদাবাজি করে। বিএনপি দখলবাজি করে। আর তাদের ভাবটা এমন, ঠাকুর ঘরে কেরে,আমি কলা খায়নি।

সভায় সভাপতিত্ব করেন, উপজেলা বিএনপি’র সভাপতি সাবেক অধ্যাপক আব্দুর রাজ্জাক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মহেশপুর উপজেলা বিএনপি’র সভাপতি ও ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য প্রার্থী মেহেদী হাসান (রনি), কেন্দ্রীয় বিএনপি’র তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক কে এম আমিরুজ্জামান খান শিমুল, কেন্দ্রীয় জাসাসের সাবেক সাধারণ সম্পাদক বিখ্যাত কণ্ঠশিল্পী মনির খান, কেন্দ্রীয় ছাত্রদলের সহ-সভাপতি মিঠুন কুমার দাস।

এছাড়া উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় কৃষক দলের নেতা ইঞ্জিনিয়ার মমিনুর রহমান (মমিন), উপজেলা যুবদলের আহ্বায়ক ও সাবেক উপজেলা ছাত্রদলের সভাপতি আশরাফুজ্জামান খান মুকুল, যুব দলের সদস্য সচিব মাহফুজুল আলম মামুন, পৌর ছাত্র দলের আহবায়ক ইঞ্জিনিয়ার বাধন রাজবীর (নিশু)। তারা বলেন, আগামী ১২ ফেব্রুয়ারি ধানের শীর্ষ প্রতিককে বিজয়ী করতে আমাদের একসঙ্গে কাজ করতে হবে। রুখে দিতে দেশ বিরোধী অপশক্তিকে।

সভা উপলক্ষে এ দিন দুপুর থেকে কোটচাঁদপুর উপজেলা ও পৌর সভার ওয়ার্ড থেকে মিছিল সহকারে কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে জড়ো হতে থাকে। সভা শেষে বিদ্যালয়ের মাঠ থেকে বিশাল মিছিল বের হয়। এরপর মিছিলটি শহরের বিশেষ বিশেষ সড়ক ঘুরে বাজার চত্বরে এসে শেষ হয়।

সভা সঞ্চালনা করেন, জেলা বিএনপি’র যুগ্ম সাধারণ সম্পাদক ও সাবেক পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক ফারুক হোসেন খোকন।

৩০ জেলায় বড় ধরনের বন্যার আভাস

কানাডার সাসকাচুয়ান বিশ্ববিদ্যালয়ের আবহাওয়া ও জলবায়ুবিষয়ক গবেষক মোস্তফা কামাল পলাশ জানিয়েছেন, চলতি মাসের মাঝামাঝি থেকে সেপ্টেম্বরের মধ্যে দেশে বড় ধরনের বন্যা হতে পারে। তার মতে, বিগত ৫ বছরের মধ্যে বাংলাদেশ হয়তো সবচেয়ে ভয়াবহ বন্যার শিকার হতে যাচ্ছে এবার।

আজ সোমবার দুপুরে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে নিজের ভেরিফায়েড আইডি থেকে দেওয়া এক পোস্টে এমন আশঙ্কার কথা জানিয়েছেন এ আবহাওয়াবিদ।

পোস্টে মোস্তফা কামাল পলাশ লেখেন, বাংলাদেশে একটি বড় মানের বন্যার আশঙ্কা করা যাচ্ছে আগস্ট-সেপ্টেম্বর মাসে। বাংলাদেশে বর্ষাকালের প্রকৃত একটি বন্যার আশঙ্কা করা যাচ্ছে। ২০২০ সালের পরে প্রকৃতপক্ষে দেশব্যাপী বড় কোনো বন্যা হয়নি। ২০২২ সালে সিলেট বিভাগে ও ২০২৪ সালে চট্টগ্রাম বিভাগে যে বন্যা হয়েছিল, তা ছিল ফ্লাশ-ফ্লাড বা পাহাড়ি ঢল।

তিনি লেখেন, বর্ষাকালের স্বাভাবিক বন্যা বলতে বুঝানো হয় ভারতের গঙ্গা নদী অববাহিকা হয়ে বাংলাদেশের পদ্মা নদীর মধ্যে প্রবেশ করে উপকূলবর্তী জেলাগুলো প্লাবিত হওয়া। একইভাবে তিস্তা-ব্রহ্মপুত্র-যমুনা নদীর উপকূলবর্তী জেলাগুলোর বিস্তীর্ণ এলাকা প্লাবিত হওয়া। কানাডার সাসকাচুয়ান বিশ্ববিদ্যালয়ের এই আবহাওয়া ও জলবায়ুবিষয়ক গবেষক আরও লিখেন, আশঙ্কা করা যাচ্ছে ২০২৫ সালের এ বন্যায় পদ্মা, তিস্তা, ব্রহ্মপুত্র ও যমুনা নদীর তীরবর্তী ২০ থেকে ৩০টি জেলা প্লাবিত হতে পারে। সম্ভাব্য এ বন্যাটি আগস্ট মাসের ১৫ তারিখের পর থেকে সেপ্টেম্বর মাসের ১০ তারিখের মধ্যে পদ্মা, যমুনা, তিস্তা নদী ও ব্রহ্মপুত্র নদের তীরবর্তী জেলাগুলোর ওপর দিয়ে অতিক্রমের আশঙ্কা করা যাচ্ছে। আমি মনে-প্রাণে চাইব আমার পূর্বাভাসটি ভুল প্রমাণিত হোক ও বাংলাদেশের মানুষ কোনো বড় মানের বন্যার

সম্মুখীন না হোক।

এ ছাড়াও পোস্টের শেষদিকে ‘বিশেষ দ্রষ্টব্যের’ অংশে দেশে বড় ধরনের বন্যার আশঙ্কার সাপেক্ষে তথ্য প্রমাণসহ যুক্তি উপস্থাপন করে ‘আবহাওয়া ডট কম’ ওয়েবসাইটে প্রকাশিত গবেষণাধর্মী একটি পোস্টের কথাও জানিয়েছেন তিনি।

সূত্র: যুগান্তর